**গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার**
**উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়**
মুজিবনগর, মেহেরপুর
mujibnagar.meherpur.gov.bd

নম্বর: ০৫.৪৪.৫৭৬০.০০০.১৬.০০২.২৬.৬৫২

তারিখঃ ০৬ শ্রাবণ ১৪৩৩ বঙ্গাব্দ
২১ জুলাই ২০২৬ খ্রিষ্টাব্দ

**বিষয়: ফ্যামিলি কার্ড শুমারি-২০২৬ এর শুমারিকালীন তথ্য সংগ্রহকারী, সুপারভাইজার ও আইসিটি সুপারভাইজার (Enumerator) নিয়োজিতকরণ বিজ্ঞপ্তি।**

এতদ্বারা সর্বসাধারণের সদয় অবগতির জন্য জানানো যাচ্ছে যে, গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার প্রান্তিক ও নিম্ন আয়ের পরিবারকে সুরক্ষা প্রদানের নিমিত্ত 'ফ্যামিলি কার্ড' প্রবর্তনের উদ্যোগ গ্রহণ করেছে। সমাজকল্যাণ মন্ত্রণালয় কর্তৃক বাস্তবায়িত ফ্যামিলি কার্ড কর্মসূচির "ফ্যামিলি কার্ড শুমারি নির্দেশিকা-২০২৬" অনুসারে দেশব্যাপী আগামী ১লা আগস্ট হতে ১৪ সেপ্টেম্বর ২০২৬ খ্রি. পর্যন্ত ফ্যামিলি কার্ড শুমারী কার্যক্রম শুরু হতে যাচ্ছে। এ লক্ষ্যে মুজিবনগর উপজেলায় তথ্য সংগ্রহের জন্য তথ্যসংগ্রহকারী নিয়োজিত করা হবে। উক্ত শুমারি কার্যক্রমে অস্থায়ীভাবে তথ্য সংগ্রহকারী, সুপারভাইজার, আইসিটি সুপারভাইজার হিসেবে যুক্ত হতে আগ্রহীদের নিকট হতে আবেদন আহবান করা হচ্ছে।

| ক্রম | কাজের ধরণ | অগ্রাধিকারমূলক বৈশিষ্ট্য | আবেদনের যোগ্যতা | অযোগ্যতা | প্রয়োজনীয় ডকুমেন্টস |
|---|---|---|---|---|---|
| ০১ | তথ্যসংগ্রহকারী | ক) নারী প্রার্থী ৫০%<br>খ) স্নাতক/তদূর্ধ্ব ডিগ্রিধারী<br>গ) পূর্বে বিবিএস জরিপে কাজের অভিজ্ঞতা | ক) ন্যূনতম এইচএসসি বা সমমান<br>খ) বয়স: ১৮-৪০ বছর<br>গ) ট্যাবলেট/ স্মার্ট ফোন ব্যবহারিক পরীক্ষায় ৭০%+ নম্বর<br>ঘ) সংশ্লিষ্ট শুমারি এলাকার স্থায়ী বাসিন্দা বা ঐ এলাকার ভৌগোলিক অবস্থা সম্পর্কে বাস্তবিক জ্ঞান<br>ঙ) বাংলায় সাবলীলভাবে পড়তে, লিখতে ও কথা বলতে সক্ষম<br>চ) শারীরিকভাবে সক্ষম ও দুর্গম চর এলাকায় কাজ করতে সম্মত | ক) ফৌজদারি মামলায় দোষী সাব্যস্ত<br>খ) সরকারি/ আধাসরকারি সংস্থায় নিয়মিত বেতনে কর্মরত<br>গ) ব্যবহারিক পরীক্ষায় ৭০%-এর নিচে নম্বর<br>ঘ) পূর্বে তথ্য জালিয়াতির কারণে বরখাস্ত বা দন্ডিত | ক) জাতীয় পরিচয়পত্র<br>খ) শিক্ষাগত যোগ্যতার সত্যায়িত সনদ ও পেশাগত আইডি বা প্রমাণক সংযুক্ত করতে হবে। |
| ০২ | সুপারভাইজার | ক) প্রতিটি গণনা এলাকা শারীরিকভাবে পরিদর্শন<br>খ) প্রতি গণনা এলাকার ৫-১০% পরিবার পুনরায় যাচাই (Re-check)<br>গ) সন্ধ্যার পর ওয়েব অ্যাপে দৈনিক রিপোর্ট জমা<br>ঘ) ট্যাবলেট চার্জ, ডেটা সিংক ও অ্যাপ আপডেট | ক) ন্যূনতম ব্যাচেলর ডিগ্রী বা সমমান<br>খ) বয়স: ২৫-৪৫ বছর<br>গ) ট্যাবলেট ও ওয়েব অ্যাপ্লিকেশনে দক্ষতা পরীক্ষায়-৮০%+<br>ঘ) তথ্য সংগ্রহ এলাকার ভৌগোলিক অবস্থান ও প্রকৃতি এবং ওয়ার্ড সীমানা সম্পর্কে বিস্তারিত জ্ঞান<br>ঙ) দলনেতৃত্ব, মৌখিক ও ডিজিটাল যোগাযোগের দক্ষতা | ক) ফৌজদারি মামলায় দোষী সাব্যস্ত<br>খ) সরকারি/ আধাসরকারি সংস্থায় নিয়মিত বেতনে কর্মরত<br>গ) ব্যবহারিক পরীক্ষায় ৭০%-এর নিচে নম্বর<br>ঘ) পূর্বে তথ্য জালিয়াতির কারণে বরখাস্ত বা দন্ডিত | ক) জাতীয় পরিচয়পত্র<br>খ) শিক্ষাগত যোগ্যতার সত্যায়িত সনদ ও পেশাগত আইডি বা প্রমাণক সংযুক্ত করতে হবে। |
| ০৩ | আইসিটি সুপারভাইজার | ক) প্রতিটি গণনা এলাকা শারীরিকভাবে পরিদর্শন<br>খ) সন্ধ্যার পর ওয়েব অ্যাপে দৈনিক রিপোর্ট জমা<br>গ) ট্যাবলেট চার্জ, ডেটা সিংক ও অ্যাপ আপডেট | ক) ন্যূনতম ব্যাচেলর ডিগ্রী বা সমমান<br>খ) বয়স: ২৫-৪৫ বছর<br>গ)ট্যাবলেট/স্মার্টফোন/ কম্পিউটারবিষয়ে বিশেষ জ্ঞান এবং ট্যাবলেট ও অ্যাপ সমস্যার তাতক্ষনিক সমাধানের সক্ষমতা | ক) ফৌজদারি মামলায় দোষী সাব্যস্ত<br>খ) সরকারি/ আধাসরকারি সংস্থায় নিয়মিত বেতনে কর্মরত<br>গ) ব্যবহারিক পরীক্ষায় ৭০%-এর নিচে নম্বর<br>ঘ) পূর্বে তথ্য জালিয়াতির কারণে বরখাস্ত বা দন্ডিত | ক) জাতীয় পরিচয়পত্র<br>খ) শিক্ষাগত যোগ্যতার সত্যায়িত সনদ ও পেশাগত আইডি বা প্রমাণক সংযুক্ত করতে হবে। |

| | | |
|---|---|---|
| **ফরম প্রাপ্তির স্থান** | : | উপজেলা সমাজসেবা কার্যালয়, মুজিবনগর হতে সরাসরি অথবা উপজেলা সমাজসেবা অফিসের www.dss.mujibnagar.meherpur.gov.bd ওয়েবসাইটে পাওয়া যাবে |
| আবেদন ফরম বিতরনের তারিখ | : | ২১-০৭-২০২৬ হতে ২৩-০৭-২০২৬ খ্রিস্টাব্দ ; সকাল ৯.০০ টা হতে বিকাল ৩.৩০ টা পর্যন্ত |
| আবেদন ফরম দাখিলের স্থান ও তারিখ | : | উপজেলা সমাজসেবা কার্যালয়, মুজিবনগর, মেহেরপুর<br>২১-০৭-২০২৬ হতে ২৩-০৭-২০২৬ খ্রিস্টাব্দ সকাল ৯.০০ টা হতে বিকাল ৪.০০ টা পর্যন্ত |
| পরীক্ষা গ্রহণের তারিখ ও সময় | : | উপজেলা সমাজসেবা কার্যালয়, মুজিবনগর, মেহেরপুর এর নোটিশ বোর্ড ও উপজেলা সমাজসেবা অফিসের www.dss.mujibnagar.meherpur.gov.bd ওয়েবসাইটে প্রকাশ করা হবে |

CamScanner

শর্তাবলীঃ

১) তথ্য সংগ্রহকারীগন শুমারী চলাকালীন বাড়ি বাড়ি গিয়ে নিয়মিত তথ্য সংগ্রহ করতে হবে।
২) ফ্যামিলি কার্ড শুমারী চলাকালীন প্রতিদিন ন্যূনতম ০৮ ঘন্টা তথ্য সংগ্রহ করতে হবে।
৩) তথ্য প্রযুক্তি ব্যবহারে দক্ষ হতে হবে। কোনক্রমেই ভুল তথ্য এন্ট্রি দেওয়া যাবেনা।
৪) তথ্য সংগ্রহের কাজে কোন গাফিলতি করা যাবেনা।
৫) ট্যাবলেট সযত্নে রক্ষণ করতে হবে। অবহেলায় ক্ষতি হলে ক্ষতিপূরণ প্রযোজ্য।
৬) সংগৃহীত তথ্যের গোপনীয়তা সম্পূর্ণরূপে রক্ষা বাধ্যতামূলক।
৭) ট্যাবলেট শুমারি শেষে অক্ষতভাবে প্রত্যাবর্তন করতে হবে।
৮) কোন পরিবারকে ফ্যামিলি কার্ড প্রাপ্তির প্রতিশ্রুতি দেওয়া বা ভয় দেখানো সম্পূর্ন নিষিদ্ধ।
৯) ইচ্ছাকৃত জালিয়াতির ক্ষেত্রে সম্মানী বাতিল ও আইনি ব্যবস্থা নেওয়া হবে।
১০) কর্তৃপক্ষ প্রয়োজনে যেকোন শর্ত সংযোজন, সংশোধন, পরিবর্তন এবং পদ সংখ্যা হ্রাস বৃদ্ধির ক্ষমতা সংরক্ষণ করেন।
১১) নিয়োগ সংক্রান্ত গঠিত নিয়োগ কমিটির সিদ্ধান্তই চূড়ান্ত বলে গণ্য হবে।

২১/০৭/২০২৬

সাইফুল হুদা
উপজেলা নির্বাহী অফিসার
ও
সভাপতি
ফ্যামিলি কার্ড শুমারীর তথ্য সংগ্রহকারী নির্বাচন কমিটি
মুজিবনগর, মেহেরপুর
মোবাইলঃ ০১৭০৮-৪১০০১০
E mail unomujibnagar@mopa.gov.bd

নম্বর: ০৫.৪৪.৫৭৬০.০০০.১৬.০০২.২৬.৬৫২

তারিখঃ ০৬ শ্রাবণ ১৪৩৩ বঙ্গাব্দ
২১ জুলাই ২০২৬ খ্রিষ্টাব্দ

**সদয় অবগতি ও প্রয়োজনীয় (প্রযোজ্য ক্ষেত্রে) ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি: (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)**

০১) মাননীয় জাতীয় সংসদ সদস্য-৭৩, মেহেরপুর-০১, বাংলাদেশ জাতীয় সংসদ সচিবালয়, ঢাকা।
০২) কর্মসূচি পরিচালক, ফ্যামিলি কার্ড, সমাজকল্যাণ মন্ত্রণালয়।
০৩) পরিচালক, (সামাজিক নিরাপত্তা অধিশাখা) সমাজসেবা অধিদপ্তর, আগারগাঁও, ঢাকা।
০৪) পরিচালক, বিভাগীয় সমাজসেবা কার্যালয়, খুলনা।
০৫) জেলা প্রশাসক, মেহেরপুর
০৬) উপপরিচালক, জেলা সমাজসেবা কার্যালয়, মেহেরপুর।
০৭) সভাপতি/সাধারণ সম্পাদক , মুজিবনগর প্রেস ক্লাব, মুজিবনগর, মেহেরপুর [প্রচারের অনুরোধ সহ]
০৮) অফিস কপি।

২১/০৭/২৬

মোঃ আনিছুর রহমান
উপজেলা সমাজসেবা অফিসার (অঃদাঃ)
ও
সদস্য-সচিব
ফ্যামিলি কার্ড শুমারীর তথ্য সংগ্রহকারী নির্বাচন কমিটি
মুজিবনগর, মেহেরপুর
ফোন: ০২৪৭৭৭৯২৫১০

CS CamScanner